

‘ব্যক্তির থেকে দল বড়’

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১২ জানুয়ারিঃ ব্যক্তি নয়, দলই বড়। ডিজিটাল যোদ্ধা কনক্রেড থেকে সাফ বার্তা তৃণমূলের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বললেন, “মেজো-সেজো নেতার নামে জয়ধ্বনি নয়। দলকে ভালোবাসুন।” নেতা-কর্মীদের তৃণমূল সাংসদের নির্দেশ, তৃণমূল সরকারের জনমুখী প্রকল্পের কথা মানুষের সামনে তুলে ধরতে হবে। সোমবার মিলন মেলা প্রাক্কশে ডিজিটাল যোদ্ধা কনক্রেডে যোগ দিয়েছিলেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। সেখানে দলের অস্থিটি সেলের সদস্য-কর্মীদের কুণ্ডলতা জানান তিনি। এদিনের মঞ্চ থেকেই অভিষেক ভাষণ বুলিয়ে দিলেন, নিজের স্বার্থে দলকে ব্যবহার করলে তা বরদাস্ত করা হবে না। দলকে



ভালোবাসতে হবে। আমজনতার পাশে দাঁড়তে হবে। এদিন অভিষেক বলেন, “ব্যক্তি নয়, দলই বড়। মেজো-সেজো নেতার নামে জয়ধ্বনি নয়। দলকে ভালোবাসুন।” এদিন সংবাদ মাধ্যমকে নিশানা করেন অভিষেক। তাঁর অভিযোগ, রাজ্য সরকারের সাফল্যের কথা দেখানো হয় না। এরপরিই কর্মীদের উদ্দেশ্যে অভিষেক বলেন, “সংবাদ মাধ্যম যদি প্রচার না করে তাহলে আমাদেরই করতে হবে। তার জন্য আমাদেরই করতল মিডিয়া-ফেসবুক, এল্ল, ইউটিউব। আপনারা অনেকেই ভানেন কী প্রচার করব, কী বলব। আপনারা দলের নামে জয়ধ্বনি করুন। আমাদের সরকারের জনমুখী প্রকল্পগুলো মানুষের সামনে তুলে ধরুন।” কীভাবে বিজেপির সঙ্গে লড়তে হবে তার রণকৌশল এদিন বলে দিলেন অভিষেক। তিনি বলেন, “বিজেপির অর্থলব্ধ রয়েছে। আমরা মিশোবদীর পাটি নই। আমরা আদর্শের উপর দল করা। আমরা রটনাতে ঘনিষ্ঠ বানাতে পারব না যেটা বিজেপি করে। ওরা বাংলাকে কলুষিত করার জন্য অনেক কিছু করে। আমাদেরও কিছু দায়িত্ব রয়েছে। বিজেপি যদি কিছু পোস্ট করে সঙ্গে সঙ্গে তা যাচাই করে পালটা দিন।” সর্বমিলিয়ে এদিনের কনক্রেডে অভিষেক বুলিয়ে দিলেন, বিজেপিকে হঠাতে মার্চ-ময়ালানের মতোই সোশাল মিডিয়াতেও লড়াই করতে হবে বিজেপির সঙ্গে।

কমিশনকে নোটিশ ধরাল সুপ্রিম কোর্ট

সংবাদ সংস্থা, নয়াদিল্লি, ১২ জানুয়ারিঃ ভোটার তালিকার নিবিড় পরিমার্জন বা এসআইআর মামলায় জাতীয় নির্বাচন কমিশনকে নোটিশ পাঠাল সুপ্রিম কোর্ট। সোমবার বাংলার দুই সাংসদ জেরেক ও ব্রায়েন এবং সোলা সেনের করা মামলার ভিত্তিতে এই পদক্ষেপ করেছে দেশের শীর্ষ আদালত। কিন্তু নোটিশে কোন প্রসঙ্গ তুলে ধরল বিচারপতিদের বৈধতা? এদিন দেশের শীর্ষ আদালতের প্রধান বিচারপতি সূর্য কান্ত এবং বিচারপতি জয়মাল্য বাগচীর ডিভিশন বেঞ্চে চলছিল এসআইআর শুনানি। সম্প্রতি রাজ্যে চলা নিবিড় পরিমার্জন প্রক্রিয়া নিয়ে আলাদা করে মামলা করেছিলেন তৃণমূল সাংসদ ডেরেক ও ব্রায়েন এবং সোলা সেন। সেই ভিত্তিতেই সোমবার শুরু হয়েছিল শুনানি। সাংসদদের পক্ষে এজলাসে উপস্থিত ছিলেন আইনজীবী কপিল সিবল। কমিশনের বিরুদ্ধে এসআইআর প্রক্রিয়ায় গাফিলতি এবং অনিয়মের অভিযোগ তুলেছেন তৃণমূল সাংসদদের পক্ষে রণজয়ালকারী। প্রধান বিচারপতি নেতৃত্বাধীন বেঞ্চকে কপিল সিবল জানিয়েছেন, “নির্বাচন কমিশন বেশির ভাগ নির্দেশ হোয়াটসআপের মাধ্যমে দেয়। যা প্রতিষ্ঠান-বিরোধী আচরণ বলেই দাবি তারা। শুধু তা-ই নয়, বাংলার বহু ভোটারকে অযৌক্তিক ভাবে চিহ্নিত করে শুনানিতে ডাকা হয়েছে বলেও অভিযোগে আইনজীবীরা। তাঁর দাবি, ‘কমিশনের চিহ্নিত একাধিক যুক্তিভূত অমিল বা লজিক্যাল ডিসক্রেপেন্সি, আসলেই অযৌক্তিক ইলেকট্রনিক্স।’। আদালত সূত্রে খবর, কপিল সিবলের তুলে ধরা যুক্তি ভিত্তিতে কমিশনের কাছে জবাব চেয়েছে দেশের শীর্ষ আদালত।

জার্মানির সঙ্গে সম্পর্ক উন্নয়নে ভারতের প্রতিশ্রুতি অটুট



সংবাদ সংস্থা, নয়াদিল্লি, ১২ জানুয়ারিঃ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বিশেষ ভাষণে জার্মান চ্যান্সেলর ফ্রিডরিখ মেরজকে ভারত সফরে স্বাগত জানানো হয়। তিনি দুই দেশের মধ্যে সম্পর্কের গভীরতর কৌশলগত অংশীদারিত্বের ওপর গুরুত্ব আরোপ করেন। প্রধানমন্ত্রীর ভাষণে উঠে আসে, এই সফরের তাৎপর্য, যা দুই দেশের মধ্যে কূটনৈতিক সম্পর্ক প্রতিষ্ঠার ৭৫তম বার্ষিকী উপলক্ষে অনুষ্ঠিত হচ্ছে। তিনি বলেন, “ভারত ও জার্মানির মতো দেশগুলির মধ্যে ঘনিষ্ঠ সহযোগিতা সারা বিশ্বের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।” প্রধানমন্ত্রী মোদি আরও বলেন, “ভারতের এবং জার্মানির মধ্যে সম্পর্কের নতুন দিগন্ত উন্মোচিত হচ্ছে, এবং এই সফর দুই দেশের সম্পর্কের নতুন অধ্যায় রচনা করবে।” তিনি দুই দেশের মধ্যে অর্থনৈতিক সম্পর্কের মজবুত ভিত্তি তুলে ধরেন। ৭৫ বছরের কূটনৈতিক সম্পর্কের ইতিহাসে এই সম্পর্ক একটি নতুন উচ্চতায় পৌঁছেছে। বর্তমানে, দুই দেশের দ্বিপাক্ষিক বাণিজ্য ৫০ বিলিয়ন ডলার অতিক্রম করেছে এবং ভারতে ২,০০০টিরও বেশি জার্মান কোম্পানি তাদের ব্যবসা পরিচালনা করেছে, যা পরস্পরের মধ্যে দৃঢ় বাণিজ্যিক সম্পর্কের ইঙ্গিত দেয়। প্রধানমন্ত্রী মোদি বিশেষভাবে উল্লেখ করেন, প্রযুক্তি, নবীকরণযোগ্য শক্তি, গ্রিন হাইড্রোজেন এবং প্রতিরক্ষা ক্ষেত্রে ভারত ও জার্মানির সহযোগিতার বৃদ্ধির দিকে। তিনি বলেন, “এই খাতগুলোতে দুই দেশের মধ্যে উন্নত সহযোগিতার জন্য আমরা একাবদ্ধভাবে কাজ করছি এবং ভবিষ্যতে আরও অনেক সাফল্য অর্জন করতে পারবো।” ভাষণের এক পর্যায়ে, প্রধানমন্ত্রী ভারতের এবং জার্মানির মধ্যে জনগণের সম্পর্কের ঐতিহাসিক দিকগুলো তুলে ধরেন। তিনি রবীন্দ্রনাথ ঠাকুর এবং স্বামী বিবেকানন্দ নাম উল্লেখ করে বলেন, “এই দুই মহান ব্যক্তিত্বের মাধ্যমে ভারত এবং জার্মানির মধ্যে সম্পর্ক গড়ে উঠেছিল। রবীন্দ্রনাথ ঠাকুরের জার্মানিতে সাহিত্য এবং সংস্কৃতির প্রসারের পথ প্রশস্ত করেছে, এবং স্বামী বিবেকানন্দের দর্শন দুটি দেশের মধ্যে পারস্পরিক শ্রদ্ধার ভিত্তি স্থাপন করেছে।” প্রধানমন্ত্রী মোদি আরও জানান, ভারত এবং জার্মানি ভবিষ্যতে একে অপরের সহযোগিতা করতে শিক্ষা, মোবিলিটি এবং দক্ষতা উন্নয়ন ক্ষেত্রেও একসঙ্গে কাজ করবে। তিনি বলেন, “আজকের বৈশ্বিক চ্যালেঞ্জগুলো মোকাবিলা করতে হলে, আমাদের পরস্পরের মধ্যে সৃজনশীলতা এবং উদ্ভাবন শেয়ার করতে হবে। শিক্ষা, প্রযুক্তি, এবং দক্ষতা উন্নয়ন এই সহযোগিতার অন্যতম প্রধান অঙ্গ হবে।”

স্বামীজিকে মালা পরিয়ে সুকান্ত বললেন ‘সং লোকের হাতে আগে পাক’

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১২ জানুয়ারিঃ স্বামী বিবেকানন্দের জন্মদিবসে তাঁকে শ্রদ্ধা জানাতে উত্তর কলকাতার সিমলা স্ট্রিটে জমেছে রাজনৈতিক নেতৃবৃন্দের ভিড়। সোমবার সকাল থেকেই এলাকাভূমি পড়েছে পোস্টারও। কোনও পোস্টারে মুখ হয়েছে



‘যুবরাজ’ অভিষেক বন্দ্যোপাধ্যায়। কোনও পোস্টারে আবার রাজ্যের বিরোধী দলনোতা শুভেন্দু অধিকারী। যা ঘিরে জমজমাট রাজনীতি। সোমবার বিবেকানন্দের ১৬৩তম জন্মবার্ষিকী। সেই উপলক্ষে সকাল সকাল সিমলা স্ট্রিটের বাড়িতে পৌঁছে গিয়েছিলেন কেন্দ্রীয় প্রতিনিধি সুকান্ত মজুমদার, শুভেন্দু অধিকারীরা। সিকলে বিবেকানন্দের উদ্দেশ্যে শ্রদ্ধা জ্ঞাপন করতে সেখানে যাওয়ার কথা রয়েছে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের। ইতিমধ্যেই তাঁকে সোমবে সিমলা স্ট্রিটে পোস্টারও পড়েছে শুভেন্দু অধিকারীকে নিয়েও। দেখা গিয়েছে, বিবেকানন্দের বাড়ির সামনের অংশ পুরোটাই তৃণমূলের পোস্টার। তাতেই স্বাগত জানানো হয়েছে অভিষেক বন্দ্যোপাধ্যায়কে। আর বাড়ি থেকে কিছুটা দূরে পড়েছে শুভেন্দু অধিকারীর পোস্টার। তাতে লেখা, ‘গর্ব করে বল, আমি হিন্দু’। অবশ্য, এই পোস্টার কিন্তু বিজেপি লাগানো। আয়োজক হিসাবে লেখা রয়েছে, শুভেন্দুর আইটি সেলের প্রজা। আমি তো তাই আগে গিয়ে

এসআইআর নিয়ে জ্ঞানেশকে পঞ্চম চিঠি মমতার

‘কমিশন কি নিজের আইনি প্রক্রিয়াকেই অস্বীকার করছে?’

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১২ জানুয়ারিঃ বিশেষ নিবিড় সংশোধন প্রক্রিয়ায় গুরুতর গাফিলতি ও প্রশাসনিক অসঙ্গতির অভিযোগ তুলে ফের মুখ্য নির্বাচন কমিশনারকে চিঠি লিখলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এই নিয়ে পঞ্চম বার। চিঠিতে সরাসরি অভিযোগ, চলতি সংশোধন প্রক্রিয়ার ফলে সাধারণ মানুষ অযথা হয়রানির শিকার হচ্ছেন এবং যোগ্য ভোটারদের নাম বেসআইআর-এ ভোটার তালিকা থেকে বাদ পড়ছে। সোমবারের এই চিঠিতে মুখ্যমন্ত্রী লেখেন, এসআইআর-এর নামে যে পদ্ধতি অনুসরণ করা হচ্ছে, তা মৌলিকভাবে ত্রুটিপূর্ণ এবং সংবিধানসম্মত নয়। তাঁর দাবি, শুনানির সময় বহু ভোটার প্রয়োজনীয় নথি জমা দিলেও তার কোনও স্বীকৃতি বা রসিদ দেওয়া হচ্ছে না। পরে যাচাইয়ের পর্যায়ে সেই নথিগুলিকে ‘খুঁজে পাওয়া যাচ্ছে না’ বা ‘রেকর্ডে নেই’ বলে দেখিয়ে ভোটার তালিকা থেকে নাম বাদ দেওয়া হচ্ছে। মমতার অভিযোগ, নথি জমা দেওয়ার কোনও প্রমাণ ভোটারদের হাতে না থাকায় তারা পুরোপুরি প্রশাসনিক গাফিলতির দয়ার উপর নির্ভরশীল হয়ে পড়ছেন। এতে ভোটাধিকার থেকে বঞ্চিত হওয়ার আশঙ্কা তৈরি হচ্ছে। তাঁর বক্তব্য, “এসআইআর-এর উদ্দেশ্য ছিল ভোটার তালিকা শুদ্ধ করা,

যোগ্য ভোটারদের বাদ দেওয়া নয়।” চিঠিতে আরও বলা হয়েছে, ২০০২ সালের ভোটার তালিকার সঙ্গে যাদের নাম ইতিমধ্যেই যুক্ত রয়েছে, তাঁদের অনেককেই অকারণে শুনানির



নোটিশ পাঠানো হচ্ছে। অথচ তারা নিজেরাই বা উত্তরাধিকারের মাধ্যমে পুরনো ভোটার তালিকার সঙ্গে ম্যাপ করা। ফলে নতুন করে শুনানির প্রয়োজন নেই। এতে সাধারণ মানুষের মধ্যে বিভ্রান্তি বাড়ছে, পাশাপাশি মার্চপর্যায়ের কর্মীরাও অকারণ ক্ষোভের মুখে পড়ছেন।

মুখ্যমন্ত্রী বিশেষ ভাবে আপত্তি তুলেছেন কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) ব্যবহার করে পুরনো নথি স্থান ও অনুবাদের বিষয়টি নিয়ে। তাঁর দাবি, এই প্রক্রিয়ায় নাম, বয়স, লিঙ্গ, সম্পর্ক বা

সরকারি নথির ভিত্তিতে তাঁদের তথ্য সংশোধন করিয়েছেন এবং সেই সব তথ্য যাচাই করে বর্তমান ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করা হয়েছে। এখন সেই দীর্ঘদিনের প্রক্রিয়াকেই উপেক্ষা করে আবার নতুন করে পরিচয় ও যোগ্যতা প্রমাণের জন্য ভোটারদের বাধ্য করা হচ্ছে বলে অভিযোগ। মমতার প্রশ্ন, কমিশন কি তাহলে নিজস্ব আইনগত প্রক্রিয়াকেই অস্বীকার করছে? ২০০২ সালে ফিরে যাওয়ার অর্থ কি গত দু’দশকে হওয়া সব সংশোধনকে অবৈধ বলে ধরে নেওয়া? তাঁর মতে, এই পদ্ধতি সম্পূর্ণ খামখেয়ালি এবং সংবিধানের ভাবনার পরিপন্থী। এ ছাড়া, নামের সামান্য বানানগত পার্থক্য, বয়সের ছোটখাটো ভুলের মতো বিষয় নিয়েও শুনানির নোটিশ জারি করা হচ্ছে বলে অভিযোগ। এগুলি সহজ প্রশাসনিক সমাধানের মাধ্যমেই মেটাতে সম্ভব ছিল। অথচ সেই সুযোগ না দিয়ে সরাসরি শুনানির পথে হাটা হচ্ছে। চিঠির শেষে মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেছেন, নির্বাচন কমিশন দ্রুত এই বিষয়গুলিতে হস্তক্ষেপ করবে। শুধু সাধারণ মানুষের হয়রানি বন্ধ করাই নয়, প্রশাসনিক যন্ত্রকেও অযথা চাপের হাত থেকে মুক্ত রাখা এবং নাগরিকদের গণতান্ত্রিক অধিকার সুরক্ষিত করা এই হস্তক্ষেপের লক্ষ্য হওয়া উচিত বলে স্পষ্ট বার্তা মুখ্যমন্ত্রীর।

‘আইন নিজের হাতে নেওয়ার একটা প্যাটার্ন তৈরি করেছেন মমতা’

সংবাদ সংস্থা, নয়াদিল্লি, ১২ জানুয়ারিঃ সোমবার কলকাতায় সরকারি ছুটি কিংবা সিল্পিতে তো নয়। আই-প্যাক সংক্রান্ত মামলা সোমবার নাটকীয় মোড় নিল নয়াদিল্লিতে। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে গুরুতর অভিযোগ তুলে জরুরি শুনানির আবেদন জানিয়ে সুপ্রিম কোর্টে গেল ইডি। ইডির দাবি, মুখ্যমন্ত্রী ইচ্ছাকৃতভাবে আইন নিজের হাতে নিচ্ছেন এবং কেন্দ্রীয় তদন্ত সংস্থার কাজে বাধা দিতে রাজ্য পুলিশকে ‘অপব্যবহার’ করা হচ্ছে। ইডির আবেদনে বলা হয়েছে, এটি কোনও বিচ্ছিন্ন ঘটনা নয়। বরং কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থার তদন্ত মুখ্যমন্ত্রীর পছন্দসই না হলে বা তাতে তার দল, মন্ত্রী কিংবা আধিকারিকদের বিরুদ্ধে তথ্য উঠে আসার সম্ভাবনা থাকলে-তখনই একই ধরনের হস্তক্ষেপের ‘প্যাটার্ন’ দেখা যাচ্ছে। শীর্ষ আদালতে

আধিকারিকরা তদন্তকারী অফিসারদের ডয় দেখান, হুমকি দেন এবং তল্লাশির সময় বাজেয়াপ্ত করা গুরুত্বপূর্ণ নথি ও ইলেকট্রনিক প্রমাণ কেড়ে নেন। এমনকি তল্লাশি আর চালাতেও দেওয়া হয়নি। ইডির ভাষায়, এটি ছিল প্রিভেনশন অফ মনি লভারি়ে আশ্রিত অনুযায়ী সংগৃহীত প্রমাণে সরাসরি হস্তক্ষেপ। ইডির স্পষ্ট বক্তব্য, সংগৃহীত

প্রমাণের সঙ্গে কোনও রাজনৈতিক দলের কার্যকলাপের যোগ নেই। তা সত্ত্বেও, মুখ্যমন্ত্রী ও শীর্ষ পুলিশ কর্তাদের মাধ্যমে সেই প্রমাণ কেড়ে নেওয়ার ঘটনা প্রকাশ্যে ঘটায় সংবিধান ও আইনের শাসন চরমভাবে

অপমানিত হয়েছে। ইডি আরও বলেছে, মুখ্যমন্ত্রী নিজেই স্বরাষ্ট্র দফতরের দায়িত্বে থাকায় রাজ্য পুলিশের কাছে এফআইআর দায়ের করা অর্থহীন। এতে প্রকৃত তদন্ত না হয়ে প্রভাবশালীদের আাল করার চেষ্টা হবে। ইডির

আবেদনে দাবি করা হয়েছে, কলকাতা হাইকোর্টে মামলার শুনানির সময়ও শাসক দলের সমর্থকেরা ইচ্ছাকৃতভাবে বিশৃঙ্খলা তৈরি করেন। এমনকি দলীয় হোয়াটসঅ্যাপ গ্রুপে আদালতে ভিডিও জমাতে বার্তাও দেওয়া হয়েছিল বলে অভিযোগ। পরিস্থিতি এতটাই উত্তপ্ত হয়ে ওঠে যে আদালত শুনানি মূলতুই রাখতে বাধ্য হয়। এই প্রেক্ষিতে ইডি শীর্ষ আদালতের কাছে আবেদন জানিয়েছে, পুরো ঘটনার তদন্ত সিবাই-কে দিয়ে করানো হোক। ইডির মতে, এটি ‘রোয়েস্ট অফ রোয়ার’ পরিস্থিতি, যেখানে দেশের সর্বোচ্চ আদালতের হস্তক্ষেপ জরুরি-যাতে কোনও রাজনৈতিক নেতা ভবিষ্যতে প্রকাশ্যে আইন নিজের হাতে নেওয়ার সাহস না পান। এই মামলার শুনানিতে কী অবস্থান নেয় সুপ্রিম কোর্ট, সেদিকেই এখন নজর গোটা দেশের রাজনৈতিক ও প্রশাসনিক মহলের।

অপমানিত হয়েছে। ইডি আরও বলেছে, মুখ্যমন্ত্রী নিজেই স্বরাষ্ট্র দফতরের দায়িত্বে থাকায় রাজ্য পুলিশের কাছে এফআইআর দায়ের করা অর্থহীন। এতে প্রকৃত তদন্ত না হয়ে প্রভাবশালীদের আাল করার চেষ্টা হবে। ইডির

আবেদনে দাবি করা হয়েছে, কলকাতা হাইকোর্টে মামলার শুনানির সময়ও শাসক দলের সমর্থকেরা ইচ্ছাকৃতভাবে বিশৃঙ্খলা তৈরি করেন। এমনকি দলীয় হোয়াটসঅ্যাপ গ্রুপে আদালতে ভিডিও জমাতে বার্তাও দেওয়া হয়েছিল বলে অভিযোগ। পরিস্থিতি এতটাই উত্তপ্ত হয়ে ওঠে যে আদালত শুনানি মূলতুই রাখতে বাধ্য হয়। এই প্রেক্ষিতে ইডি শীর্ষ আদালতের কাছে আবেদন জানিয়েছে, পুরো ঘটনার তদন্ত সিবাই-কে দিয়ে করানো হোক। ইডির মতে, এটি ‘রোয়েস্ট অফ রোয়ার’ পরিস্থিতি, যেখানে দেশের সর্বোচ্চ আদালতের হস্তক্ষেপ জরুরি-যাতে কোনও রাজনৈতিক নেতা ভবিষ্যতে প্রকাশ্যে আইন নিজের হাতে নেওয়ার সাহস না পান। এই মামলার শুনানিতে কী অবস্থান নেয় সুপ্রিম কোর্ট, সেদিকেই এখন নজর গোটা দেশের রাজনৈতিক ও প্রশাসনিক মহলের।

শুদ্ধতার সন্ধানে গঙ্গাসাগর মেলায় ভিনদেশি পুণ্যার্থীদের ঢল

নিজস্ব প্রতিনিধি, গঙ্গাসাগর, ১২ জানুয়ারিঃ রবীন্দ্রনাথ ঠাকুর রচিত ‘ভারত তীর্থ’ কবিতায় কবি ভারতভূমিকে পুণ্যতীর্থ বলেছেন। কত তীর্থস্থান এই দেশে। কতশত পুণ্যতীর্থের অন্যতম শ্রেষ্ঠ মিলনক্ষেত্র গঙ্গাসাগর। যেখানে প্রত্যেক বছরই দেশের নানা প্রান্ত থেকে লক্ষ লক্ষ মানুষ এসে পুণ্যলভের উদ্দেশ্যে ভ্রূত নেন। বিশ্বাস, সংস্কার ও আধ্যাত্মিক টানেই এই তীর্থভূমিতে মানুষের ঢল নামে। এ বছরও তার বাতীক্রম নয়। তবে এবার গঙ্গাসাগর মেলায় যে দৃশ্যটি বিশেষভাবে নজর কেড়েছে, তা হল ভিনদেশি ভক্তদের আগমন। ভারতের বিভিন্ন রাজ্যের তীর্থযাত্রীদের পাশাপাশি এবার গঙ্গাসাগরের তটে দেখা মিলছে ইউরোপ, আমেরিকা, রাশিয়া, নেপাল, বাংলাদেশ-সহ একাধিক দেশের ভক্তদের। গেরুয়া বসন, কপালে তিলক, হাতে জপমালা - ভিনদেশি ভক্তদের উপস্থিতি মেলার আবহকে আরও নৈচিত্র্যময় করে তুলেছে। ভাষা ও সংস্কৃতি আলাদা হলেও


বিশ্বাসের স্রোত যেন এক জায়গাতেই মিলিত হয়েছে। এই দৃশ্যগুলো তেমনই বলে। ভোরের প্রথম আলো ফোটার সঙ্গে সঙ্গেই গঙ্গা ও বঙ্গোপসাগরের সঙ্গমস্থলে পুণ্যস্থানে মেতে উঠছেন ভিনদেশি ভক্তরা। কারও চোখে ধ্যানের গভীরতা, কারও মুখে প্রশান্তির ছাপ। অনেকেই জানাচ্ছেন, গঙ্গাসাগরের মাথাত্তা তাঁদের কাছে বহুদিন ধরেই পরিচিত। সেই টানেই সুদূর দেশ ছেড়ে তারা এখানে এসেছেন। পুণ্যস্থানের অভিজ্ঞতাকে জীবনের এক অনন্য ও স্মরণীয় মুহূর্ত বলেই মনে করছেন তারা। গঙ্গাসাগর মেলা কেবল ধর্মীয় আচার-অনুষ্ঠানের মধ্যেই সীমাবদ্ধ নয়। এটি সংস্কৃতি, বিশ্বাস ও মানবিকতার এক বৃহৎ মিলনক্ষেত্র। ভিনদেশি ভক্তদের উপস্থিতি গঙ্গাসাগর মেলাকে আন্তর্জাতিক মাত্রা দিয়েছে বলে মনে করছেন অনেকে। প্রশাসনের তরফে নিরাপত্তা ও পরিবেশের দিকেও বিশেষ নজর দেওয়া হয়েছে, যাতে দেশ-বিদেশের সমস্ত ভক্ত নির্বিঘ্নে পুণ্যস্থান ও মেলায় অংশ নিতে পারেন। সব মিলিয়ে, প্রতিবছরের মতোই এ বছরও গঙ্গাসাগর মেলায় মানুষের ঢল নেমেছে। তবে সেই ডিঙের মধ্যেই ভিনদেশি ভক্তদের পুণ্যের ভূবর দৃশ্য নতুন করে চোখে আভুল দিয়ে দেখিয়ে দিচ্ছে- ভারতভূমি সত্যিই এক পুণ্যতীর্থ, যার আকর্ষণ ছাড়িয়ে যায় দেশের সীমানা।



আইপ্যাক-কাণ্ডের পরেই নিরাপত্তা বাড়ল ইডি দফতরের, মোতায়েন বাহিনী

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১২ জানুয়ারিঃ সিবাইআই গিয়েছে নিউটাউনে। এখন সিজিও কমপ্লেক্স হয়েছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের টিকানা। সিবাইআই-বিদায়ের পর সেখানে মোতায়েন ছিল না কোনও আধাসেনা। প্রহরী হয়েছিল নিরাপত্তা প্রদানকারী একটি বেসরকারি সংস্থা। কিন্তু আইপ্যাক-কাণ্ডের পরেই সেই সিজিও-র নিরাপত্তায় বাড়তি গুরুত্ব দিল স্বরাষ্ট্রমন্ত্রক। বেসরকারি সংস্থা নয়, অবশেষে মোতায়েন সিআরপিএফ বাহিনী। অবশ্য, বাহিনী মোতায়েন এবং আইপ্যাকের অফিসে হওয়া ‘সংঘাতের’ সঙ্গে কোনও সম্পর্ক রয়েছে বলে জানা যায়নি। গোটা ব্যাপারটিই যেন সমাপ্ত। শাহের দফতর সূত্রে খবর, বর্তমানে ইডির অধীনে একাধিক গুরুত্বপূর্ণ মামলার তদন্ত চলছে। সেগুলির প্রয়োজনীয় নথি, গোপন নথি - সবটাই জমা পড়ছে এই সিজিও দফতরেই। তাই সেই নথিগুলির কথা মাথায় রেখেই বাড়ানো হয়েছে নিরাপত্তা। বেসরকারি সংস্থাকে দায়িত্ব থেকে মুক্ত করে মোতায়েন হয়েছে

বাহিনী। এই সিজিও কমপ্লেক্সে প্রবেশের জন্য মোট দু’টি প্রবেশদ্বার রয়েছে। বর্তমানে এই দু’টি গেটে ছ’জন করে মোতায়েন করা হয়েছে মোট ১২ জনকে। সম্প্রতি এই বাহিনী



মোতায়েনের কথা মাথায় রেখেই বৈঠকে বসেছিলেন ইডি ও সিআরপিএফ বাহিনীর উর্ধ্বতন কর্তারা। সেই বৈঠকেই নিরাপত্তা প্রদানকারী বেসরকারি সংস্থা দায়িত্ব থেকে মুক্তি পায়। আধাসেনা মোতায়েনের সিদ্ধান্ত নেওয়া হয়। তাও আবার একেবারে আইপ্যাক-কাণ্ড

বিরুদ্ধে তদন্তে প্রতিবেশীদের তলব করল ইডি। লাউডন স্ট্রিটে বাড়ি প্রতীকের। ওই আবাসনের অন্যান্য আবাসিক এবং পাশের আবাসনের বাসিন্দাদেরও তলব করেছে ইডি। সূত্রের খবর, ইডি তল্লাশিতে যাওয়ার পর আবাসনের বাসিন্দারা কী শুনেছিলেন, তল্লাশিতে আসার

পর থেকে অফিসারদের গতিবিধি কী ছিল, আর কারা ঢুকেছিলেন, কাদের দেখা গিয়েছিল- এই সকল তথ্যই জানতে চাওয়া হয়েছে প্রতীকের প্রতিবেশীদের কাছে। এদিকে মোতায়েন বাহিনীর ঘটনার পরই রাজ্যে এল সিআরপিএফের এক কোম্পানি রায়ফ। জামশেদপুর থেকে এসেছে এই এক কোম্পানি রায়ফ সূত্রের খবর, পরবর্তীতে ইডি বা কোনও কেন্দ্রীয় এজেন্সি তল্লাশিতে গিয়ে বাধার মুখে পড়লে বা আইনশৃঙ্খলা জনিত সমস্যা সৃষ্টি হলে পাঠানো হবে রায়ফ-এর এই বাহিনীকে। আপাতত রাজ্যের সিজিও সিআরপিএফ ক্যাম্পে তারা রিজর্ভে থাকবে। পরিস্থিতি অনুযায়ী ব্যবহার করা নির্বাচনের আগে কোনও রাজনৈতিক উত্তেজনা বা হিংসা সৃষ্টি হলেও সেখানে পরিস্থিতি সামলাতে যাবে সিআরপিএফের রায়ফ। সিআরপিএফ-এর রায়ফ-এর কাছে আইনশৃঙ্খলা মোকাবিলায় বিশেষ গাঢ়ি ছাড়াও আরও অত্যাধুনিক সরঞ্জাম আছে।

স্বামী বিবেকানন্দকে শ্রদ্ধা রাষ্ট্রপতি মুরুর



নয়াদিল্লি, ১২ জানুয়ারি : স্বামী বিবেকানন্দের জন্মবার্ষিকীতে তাঁকে শ্রদ্ধা জানানেন ভারতের রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু।সোমবার রাষ্ট্রপতি এঞ্জাবার্ডীয় লিখেছেন, জাতীয় যুব দিবস হিসেবে পাতিত স্বামী বিবেকানন্দের জন্মবার্ষিকীতে আমি তাঁর প্রতি বিনশ্র শ্রদ্ধাঞ্জলি জানাই। একজন কাভজম্বী দূরদর্শী এবং আধ্যাত্মিক প্রতীক, তিনি প্রচার করেছিলেন যে মনের শক্তি এবং মানবতার সেবা একটি অর্থপূর্ণ জীবনের ভিত্তি। তিনি ভারতের চিরন্তন জ্ঞানকে বিশ্বে বহন করেছিলেন।স্বামীজি ভারতীয়দের মধ্যে জাতীয় গর্ব জাগিয়ে তুলেছিলেন। যুবসমাজকে দেশ গঠনে অবদান রাখতে অনুপ্রাণিত করেছিলেন। তাঁর শিক্ষা মানবতাকে অনুপ্রাণিত করে চলবো।অন্যদিকে জন্মবার্ষিকীতে স্বামী বিবেকানন্দকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। স্বামী বিবেকানন্দকে যুবদের প্রেরণাক্রমেত আখ্যা দিয়েছেন প্রধানমন্ত্রী। সোমবার এক্ষ মাধ্যমে প্রধানমন্ত্রী মোদী জানান, ভারতীয় যুব সমাজের অনুপ্রেরণার শক্তিশালী উৎস স্বামী বিবেকানন্দের জন্মবার্ষিকীতে আমার শ্রদ্ধাঞ্জলি। তাঁর ব্যক্তিত্ব এবং কর্ম বিকশিত ভারতের সকল্লে নতুন শক্তি সঞ্চার করে চলছে। জাতীয় যুব দিবসের এই শুভক্ষণ আমাদের সমস্ত দেশবাসীর, বিশেষ করে আমাদের তেল্ল বন্ধুদের মধ্যে নতুন শক্তি এবং আত্মবিশ্বাস নিয়ে আসুক।

সূর্য সেন-কে শ্রদ্ধা মমতা বন্দ্যোপাধ্যায়ের

কলকাতা, ১২ জানুয়ারি :সোমবার সূর্য সেনের (২২ মার্চ ১৮৯৪ - ১২ জানুয়ারি ১৯৬৪) মৃত্যুবার্ষিকী। ব্রিটিশ বিরোধী স্বাধীনতা আন্দোলনের অন্যতম নেতা হিসেবে পরিচিত ব্যক্তিত্ব। তকালীন ব্রিটিশ বিরোধী সশস্ত্র আন্দোলনে সক্রিয়ভাবে অংশ নেন এবং নিজের জীবন বলিদান করেন। তাঁকে শ্রদ্ধা জানানেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।মুখ্যমন্ত্রী এঞ্জাবার্ডীয় লিখেছেন, চট্রগ্রামের ব্রিটিশবিরোধী স্বাধীনতা আন্দোলনের মহানায়ক, শহিদ মাস্টারদা সূর্য সেন-এর মৃত্যুবার্ষিকীতে তাঁকে জানাই আমার আন্তরিক শ্রদ্ধা ও প্রণাম। ‘ আদর্শের মৃত্যু নেই’ - তাই তিনিও অমর।প্রসঙ্গত, পূর্বসেনের বাহিনী কয়েকদিনের জন্যে ব্রিটিশ শাসনকে চট্রগ্রাম এলাকা থেকে নিশ্চিহ্ন করে দিয়েছিল। সূর্য সেনের অন্যতম সাথী বিপ্লবী অনন্ত সিংহের ভাষায় কে জানতো যে আত্মজিজ্ঞাসায় মগ্ন সেই নিরীহ শিক্ষকের ছিন্ন প্রশান্ত চোখ দুটি একদিন জ্বলে উঠে। মাতৃভূমির দ্বিশতাব্দীব্যাপি অত্যাচারের প্রতিশোধ নিয়ে উদাত্ত হব? ১৮৫৭ সালে সিপাহী বিদ্রোহ দমনের জন্য বর্বর অমানুষিক অত্যাচারের প্রতিশোধ, জাতিমান ওগালাবাগের নৃশংস হতাকাণ্ডের প্রতিশোধ! কে জানতো সেই শীর্ণ বাহু ও ততোধিক শীর্ণ পদযুগলের অধিকারী একদিন সাম্রাজ্যবাদী ইংরেজ রাজশক্তির বৃহত্তম আয়োজনকে ব্যর্থ করে - তার সমস্ত ক্ষমতাকে উপহাস করে বসরের পর বসর চট্রগ্রামে গ্রামে গ্রামে বিদ্রোহের আগুন জালিয়ে তুলবে?

প্রশান্তর মৃত্যুতে শোকপ্রকাশ মুখ্যমন্ত্রী মমতার

কলকাতা, ১২ জানুয়ারিঃ হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যু হলো জনপ্রিয় গায়ক এবং অভিনেতা প্রশান্ত তামাংয়ের। রবিবার সকালে দিল্লিতে মৃত্যু হয়েছে ৪৩ বছর বয়সি অভিনেতার। ভারতের জনপ্রিয় রিয়েলিটি শো ইন্ডিয়ান আইডলে জেতার পরেই জনপ্রিয়তা বৃদ্ধি পেয়েছিল প্রশান্তর।প্রশান্তর মৃত্যুতে শোকপ্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এক্ষ মাধ্যমে শোকবার্তায় মুখ্যমন্ত্রী জানিয়েছেন, ‘ইন্ডিয়ান আইডল’ খ্যাত জনপ্রিয় গায়ক এবং জাতীয় খ্যাতিসম্পন্ন

যোষণা

দূরন্ত প্রকাশন (গ্রাঃ) লিমিটেড বা তার কোনও এক্‌টই এই সংবাদপত্রে প্রকাশ করতে কোনও বিজ্ঞানের যথার্থতা ও নির্ভরযোগ্যতার ব্যাপারে কোনও ভাবে দায়বদ্ধ নয়। এই সংবাদপত্রে প্রকাশ করা বিজ্ঞাপনগুলি শুধুমাত্র সরল বিশ্বাসে গ্রহণ করা হয়। এই যোষণা ভারত সরকারের স্পেশাল ক্রাইম ডাফ্রেঞ্জ নির্দেশ অনুযায়ী ছাপা হচ্ছে।

গ্রিনল্যান্ড ঘিরে আমেরিকার কৌশলগত আগ্রহ

ফের স্পষ্ট, ন্যাটো নিয়েও তোপ ট্রাম্পের

ওয়াশিংটন, ১২ জানুয়ারিঃ গ্রিনল্যান্ডকে কেন্দ্র করে আমেরিকার কৌশলগত আগ্রহ নতুন করে স্পষ্ট করলেন প্রাক্তন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এক বক্তব্যে তিনি সরাসরি জানিয়ে দেন, গ্রিনল্যান্ড যদি আমেরিকার অধীনে না আসে, তবে রাশিয়া বা চিন সেখানে প্রভাব বিস্তার করতে পারে-এবং তিনি তা কোনওভাবেই মেনে নেবেন না। ট্রাম্পের কথায়, গ্রিনল্যান্ডের সঙ্গে একটি চুক্তি করাই তাঁর লক্ষ্য, যা তাঁর মতে সহজ। তবে সেই চুক্তি যেভাবেই হোক না কেন, শেষ পর্যন্ত গ্রিনল্যান্ড আমেরিকারই হবে-এমন দৃঢ় বার্তাই দিয়েছেন তিনি।ট্রাম্পের এই মন্তব্যের মের আন্তর্জাতিক রাজনীতির আলোচনায় উঠে এল উত্তর আটলান্টিক অঞ্চলের এই বিশাল বরফাছাটিল ভীপটি। ভৌগোলিকভাবে ইউরোপের কাছাকাছি হলেও গ্রিনল্যান্ডের অবস্থান ও প্রাকৃতিক সম্পদ দীর্ঘদিন ধরেই বৈশ্বিক শক্তিগুলির নজরে। ট্রাম্পের বক্তব্যে স্পষ্ট, এই অঞ্চলকে ঘিরে তাঁর দৃষ্টিভঙ্গি কেবল অর্থনৈতিক নয়, বরং গভীরভাবে কৌশলগত। তাঁর আশঙ্কা, আমেরিকা যদি সক্রিয় না থাকে, তবে রাশিয়া কিংবা চিন সেখানে প্রভাব বিস্তার করতে পারে, যা যুক্তরাষ্ট্রের নিরাপত্তার জন্য ঝুঁকিপূর্ণ হতে



পারো।গ্রিনল্যান্ড প্রসঙ্গে ট্রাম্পের এই অবস্থান নতুন নয়। আগেও তিনি দ্বীপটি নিয়ে আগ্রহ প্রকাশ করেছিলেন, যা আন্তর্জাতিক মহলে বিতর্কের জন্ম দিয়েছিল। এবার ফের সেই প্রসঙ্গ উত্থাপন করে তিনি বুঝিয়ে দিলেন, ক্ষমতার কেন্দ্রে ফিরলে এই বিষয়ে তাঁর অবস্থান বদলাবে না। তাঁর বক্তব্যে আত্মবিশ্বাসের সঙ্গে এক ধরনের কঠোর বার্তাও রয়েছে-গ্রিনল্যান্ড প্রস্নে তিনি আপস করতে রাজি নন।একই সঙ্গে ন্যাটো নিয়েও কড়া মন্তব্য করেছেন ট্রাম্প। তিনি দাবি করেন, ন্যাটোকে বাঁচানোর দায়িত্ব তাঁর কাঁধেই ছিল। তাঁর বক্তব্য অনুযায়ী, ন্যাটোর সদস্য দেশগুলিকে তিনি জিডিপি ৫.৫

শতাংশ প্রতিরক্ষা খাতে ব্যয় করতে বাধ্য করেছিলেন। আগে এই হার ছিল ২ শতাংশ, এবং অনেক দেশেই সেই অর্থ দিতে ব্যর্থ হয়েছিল বলে তাঁর অভিযোগ। ট্রাম্পের দাবি, তাঁর চাপেই সদস্য দেশগুলি প্রতিরক্ষা ব্যয় বাড়াতে বাধ্য হয়।ট্রাম্প আরও বলেন, তিনি রাষ্ট্রপতি না হলে আজ হয়তো ন্যাটোর অস্তিত্বই থাকত না। তাঁর মতে, আমেরিকা ন্যাটোতে বিপুল অর্থ ব্যয় করেছে, কিন্তু প্রশ্ন থেকেই যায়-সংকটের সময় ন্যাটো কি সত্যিই আমেরিকার পাশে দাঁড়াবে? যদিও তিনি স্পষ্ট করেছেন যে ন্যাটোকে তিনি অপরহ্‌দ করেন না, বরং সংগঠনটির কার্যকরিতা ও পারস্পরিক দায়বদ্ধতা নিয়েই তাঁর মূল প্রশ্ন।ন্যাটো থেকে আমেরিকা

সোমনাথ স্বাভিমান পর্ব ধর্মীয় সাংস্কৃতিক শক্তির প্রতীক, বার্তা দিলেন বীরেন্দ্র সচদেবো

নয়াদিল্লি, ১২ জানুয়ারিঃভারতের ধর্মীয় ও সাংস্কৃতিক ঐতিহ্যের অবিচ্ছিন্ন শক্তির প্রতীক হিসেবে ‘সোমনাথ স্বাভিমান পর্ব’-এর তাপর্ষ তুলে ধরলেন দিল্লি বিজেপির সভাপতি বীরেন্দ্র সচদেব।। গতশুক্রবার দিল্লিতে এক অনুষ্ঠানে তিনি বলেন, শত শত বছর ধরে বিদেশি আক্রমণ, ধ্বংস এবং প্রতিকূলতার মুখোমুখি হয়েও সোমনাথ মন্দির যেভাবে মাথা উঁচু করে দাঁড়িয়ে আছে, তা ভারতের আত্মবিশ্বাস, স্বাভিমান এবং সাংস্কৃতিক ধারাবাহিকতার জ্বলন্ত উদাহরণ।বীরেন্দ্র সচদেবের বক্তব্যে উঠে আসে সোমনাথ মন্দিরের ঐতিহাসিক গুরুত্ব ও আধ্যাত্মিক মহিমা। তিনি বলেন, বিদেশি আক্রমণকারীরা একের পর এক আঘাত হেনেছে, মন্দির ধ্বংসের চেষ্টা করেছে, কিন্তু সেই সব বাধা অতিক্রম করেও সেখানে আজও বিরাজমান তগবান সোমনাথ, তগবান শিব। শুধু মানুষ নয়, গুজরাট উপকূলের সমুদ্রের ঢেউও

যেন তাঁর আরাধনায় নতজানু। এই ভাবনাই সোমনাথ স্বাভিমান পর্বকে শুধুমাত্র একটি ধর্মীয় অনুষ্ঠান নয়, বরং জাতীয় চেতনার প্রতীক করে তুলেছে।তিনি আরও জানান, এই স্বাভিমান পর্ব কোনও একদিনের কর্মসূচি নয়। সারা বছর ধরে এই উদ্‌যোগ পালিত হবে এবং দেশজুড়ে বিজেপির কর্মী ও সমর্থকেরা এতে অংশ নেবেন। তাঁর কথায়, এই পর্বের মাধ্যমে দেশের মানুষকে তাদের ইতিহাস, ঐতিহ্য এবং সংস্কৃতির সঙ্গে আরও গভীরভাবে যুক্ত করার চেষ্টা করা হচ্ছে। ধর্মীয় আচার-অনুষ্ঠানের মধ্য দিয়ে জাতীয় সৌহার্যের বোধকে আরও শক্তিশালী করাই এর মূল লক্ষ্য।বীরেন্দ্র সচদেবো তাঁর বক্তব্যে বিজেপির জাতীয় কার্যকরী সভাপতির সাম্প্রতিক ধর্মীয় সফরের কথাও উল্লেখ করেন। তিনি জানান, দলের জাতীয় কার্যকরী সভাপতি প্রথমে ভগবান শিবের কাছে প্রার্থনা বিবেচন করবেন এবং তারপরে ভগবান হনুমানের দর্শন করেন। এই দুই উপাসনার মধ্য দিয়েই দলের

নেতৃত্ব দেশের আধ্যাত্মিক শক্তির সঙ্গে নিজদের সংযোগ আরও দৃঢ় করতে চেয়েছেন বলে তাঁর ব্যাখ্যা।সোমনাথ মন্দিরের ইতিহাস স্মরণ করিয়ে দিয়ে দিল্লি বিজেপির সভাপতি বলেন, ১০২৬ সালে বিদেশি হানাদারদের নৃশংস আক্রমণের মুখে পড়েছিল এই পবিত্র তীর্থস্থান। সেই সময় মন্দির ধ্বংস করা হলেও ভারতের ধর্মীয় ও সাংস্কৃতিক চেতনাকে কখনও নিশ্চিহ্ন করা যায়নি। বারবার আক্রমণ, ধ্বংস ও পুনর্নির্মাণের মধ্য দিয়ে সোমনাথ মন্দির আজও অটুটভাবে দাঁড়িয়ে আছে, যা প্রমাণ করে যে এই দেশের বিশ্বাস ও সংস্কৃতির শিকড় কতটা গভীরে প্রোথিত।আজকের দিনে সোমনাথ মন্দির শুধু একটি তীর্থস্থান নয়, বরং বিশ্বের অন্যতম বিখ্যাত ধর্মীয় স্থানের মর্যাদা পেয়েছে। দেশ-বিশেষের অসংখ্য ভক্ত সেখানে ভিড় করেন, ইতিহাস ও আধ্যাত্মিকতার এক অনন্য সংমিশ্রণ অনুভব করতে। বীরেন্দ্র সচদেবের মতে, এই মন্দিরের

অস্তিত্বই প্রমাণ করে যে ভারতীয় সভ্যতা ধ্বংসের মুখে পড়লেও কখনও হার মানেনি। উল্লেখ্য কোথোড়াবে, শনিবার সন্ধ্যা বিজেপির জাতীয় কার্যকরী সভাপতি নীতীন নরীনি দিল্লির কন্ট প্লেস এলাকায় অবস্থিত ঐতিহ্যবাহী হনুমান মন্দিরে প্রার্থনা করেন। এই প্রার্থনার ঘটনাকেও সোমনাথ স্বাভিমান পর্বের ভাবনার সঙ্গে যুক্ত করে দেখছেন বিজেপি নেতৃত্ব। তাঁদের মতে, দেশের বিভিন্ন প্রান্তে অবস্থিত পবিত্র তীর্থস্থানগুলির সঙ্গে এইভাবে সংযোগ স্থাপন করে ধর্মীয় ও সাংস্কৃতিক একোত্র বার্তাই দেওয়া হচ্ছে।সামগ্রিকভাবে, সোমনাথ স্বাভিমান পর্বকে ঘিরে বিজেপির এই উদ্যোগের মাধ্যমে ইতিহাসের স্মৃতি, ধর্মীয় বিশ্বাস এবং জাতীয় পর্বকে একসূত্রে বাঁধার চেষ্টা করা হচ্ছে। বীরেন্দ্র সচদেবের বক্তব্যে স্পষ্ট, এই পর্বের মধ্য দিয়ে অতীতের আঘাত ভুলে নয়, বরং সেই অভিজ্ঞতা থেকেই শক্তি সঞ্চয় করে ভবিষ্যতের দিকে এগিয়ে যাওয়ার আহ্বান জানানো হচ্ছে।

সকালেই উৎক্ষেপণ, মুখ খুবড়ে পড়ল ভারতের মহাকাশ অভিযান

সংবাদ সংস্থা, শ্রীহরিকোটা, ১২ জানুয়ারিঃ ভারতের মহাকাশ অভিযান বিশাল ধাক্কা। ইসরোর নির্ভরযোগ্যপোলার স্যাটেলাইট লঞ্চ ভেহিকল- অভিযান শেষ পর্যন্ত মুখ খুবড়ে পড়ল। আজ, সোমবার সকালে শ্রীহরিকোটার সৌরীয় গাওয়ান মহাকাশ কেন্দ্র থেকে সফলভাবে উৎক্ষেপণ হলেও কক্ষপথে পৌঁছানোর আগেই নিয়ন্ত্রণ হারায় রকেট। এর ফলে এই উপগ্রহবাহী রকেটে থাকা ১৬টি উপগ্রহই মহাকাশে হারিয়ে গিয়েছে। ২৬০ টনের পিএসএলভি-ডিএল এর্দিন সকাল ১০টা ১৭ মিনিটে আকাশে উঠে দর্শকদের মুগ্ধ করে। প্রথম ও দ্বিতীয় ধাপের কাজ এবং একেকটি অংশের খসে পড়ার ধাপগুলোও সম্পূর্ণ স্বাভাবিক ছিল। কিন্তু তৃতীয় ধাপ ফলে ওঠার পরই বিপত্তি। হঠাৎ করে মিশন কন্ট্রোলের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। এতে স্পষ্ট যে, রকেট নির্ধারিত কক্ষপথে পৌঁতে পারেনি। পরিস্থিতি অনেকটাই ২০২৫ সালের পিএসএলভি-সি৬১ বার্ষতার মতো। ইসরোরে চোরামান ডি নারায়ণন বলেন, “তৃতীয় ধাপের রকেটের কর্মক্ষমতা শেষ পর্যন্ত স্বাভাবিকই ছিল। তারপর ঘূর্ণনগতিতে অস্বাভাবিকতা এবং উড়ারের নির্দিষ্ট পথভ্রষ্ট হওয়া লক্ষ্য করা যায়। আমরা তথ্য বিশ্লেষণ করছি, পরে বিস্তারিত জানানো হবে।”

সংবাদ সংস্থা, শ্রীহরিকোটা, ১২ জানুয়ারিঃ ভারতের মহাকাশ অভিযান বিশাল ধাক্কা। ইসরোর নির্ভরযোগ্যপোলার স্যাটেলাইট লঞ্চ ভেহিকল- অভিযান শেষ পর্যন্ত মুখ খুবড়ে পড়ল। আজ, সোমবার সকালে শ্রীহরিকোটার সৌরীয় গাওয়ান মহাকাশ কেন্দ্র থেকে সফলভাবে উৎক্ষেপণ হলেও কক্ষপথে পৌঁছানোর আগেই নিয়ন্ত্রণ হারায় রকেট। এর ফলে এই উপগ্রহবাহী রকেটে থাকা ১৬টি উপগ্রহই মহাকাশে হারিয়ে গিয়েছে। ২৬০ টনের পিএসএলভি-ডিএল এর্দিন সকাল ১০টা ১৭ মিনিটে আকাশে উঠে দর্শকদের মুগ্ধ করে। প্রথম ও দ্বিতীয় ধাপের কাজ এবং একেকটি অংশের খসে পড়ার ধাপগুলোও সম্পূর্ণ স্বাভাবিক ছিল। কিন্তু তৃতীয় ধাপ ফলে ওঠার পরই বিপত্তি। হঠাৎ করে মিশন কন্ট্রোলের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। এতে স্পষ্ট যে, রকেট নির্ধারিত কক্ষপথে পৌঁতে পারেনি। পরিস্থিতি অনেকটাই ২০২৫ সালের পিএসএলভি-সি৬১ বার্ষতার মতো। ইসরোরে চোরামান ডি নারায়ণন বলেন, “তৃতীয় ধাপের রকেটের কর্মক্ষমতা শেষ পর্যন্ত স্বাভাবিকই ছিল। তারপর ঘূর্ণনগতিতে অস্বাভাবিকতা এবং উড়ারের নির্দিষ্ট পথভ্রষ্ট হওয়া লক্ষ্য করা যায়। আমরা তথ্য বিশ্লেষণ করছি, পরে বিস্তারিত জানানো হবে।”

মূল্যবৃদ্ধির আগুনে ফুঁসছে ইরান, বিক্ষোভ দমনে

কড়া অবস্থান-ইন্টারনেট বন্ধ করে টনটান পরিস্থিতি

দু’হাজার মানুষের মৃত্যু হয়েছে, যদিও এই সংখ্যা সরকারিভাবে স্বীকার করা হয়নি। তেহরান, কারাজ, রশত, ইলাম, কেরমানশাহ-সহ একাধিক প্রশঙ্গে ফোন্ডের আগুণ ছড়িয়ে পড়েছে। বহু এলাকায় সরকারি ভবন, পুলিশ গাড়ি ও অন্যান্য যানবাহনে আগুন ধরিয়ে দেওয়ার ঘটনাও সামনে এসেছে।ভূম্মাছিরতা আরও বাড়তে পারে আশঙ্কায় গত ৮ জানুয়ারি থেকে দেশের বড় অংশে ইন্টারনেট পরিষেবা বন্ধ রাখা হয়েছে।ফলে সাধারণ মানুষের সঙ্গে বাইরের বিশ্বের যোগাযোগ কার্যত বিচ্ছিন্ন হয়ে পড়েছে। শোশালা বিডিয়া ও বার্তা আদানপ্রদানের উপর এই নিষেধাজ্ঞা বিক্ষোভ করীদের ক্ষোভ আরও উসকে দিয়েছে বলে মনে করছেন পর্যবেক্ষকরা।এই উত্তপ্ত পরিস্থিতির মধ্যেই ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলি খামেনেই সরকারি টেলিভিশনে ভাষণ দিয়ে বিক্ষোভকারীদের ‘ দাঙ্গাবাদ এবং ‘ বিদেশি শক্তির দ্বারা প্ররোচিত’ বলে আখ্যা দেন। তাঁর এই মন্তব্যের পর, জনরোয় আরও তীব্র হয়েছে। একই সঙ্গে আদোলন কঠোর হাতে দমন

করার বার্তাও স্পষ্ট করে দিয়েছে প্রশাসন। অভিভাবকদের উদ্দেশে সতর্কবার্তা দিয়ে বলা হয়েছে, সন্তানদের নিরাপত্তার কথা ভবে তাদের বাগ্ম্য নামতে না দেওয়ার জন্য। এই বক্তব্য অনেকের কাছেই হুমকির সূর বলে প্রতীয়মান হয়েছে।বশেষজুদের মতে, সাম্প্রতিক এই বিক্ষোভ তেহরানর রাজনৈতিক ইতিহাসে এক গুরুত্বপূর্ণ বার্ক নির্দেশ করছে। কারণ, আদোলনের সময় খামেনেইয়ের বিরুদ্ধে সরাসরি স্লোগান, এমনকি ইরানি বিপ্লবী শাসনের প্রতীকগুলির উপর আক্রমণের ঘটনাও সামনে এসেছে, যা অতীতে খুব কমই দেখা গেছে।এতে স্পষ্ট, ক্ষোভ আর শুধু অর্থনৈতিক অসন্তোষে আটকে নেই, বরং তা শাসনব্যবস্থার গভীর স্তরে প্রব় তুলেছে।বিশ্লেষণের ধারায়, দীর্ঘদিনের আন্তর্জাতিক নিষেধাজ্ঞা, তেলের আয়ে ধস, লাগাতার মুদ্রাস্ফীতি এবং ক্রমবর্ধমান বেকারত্ব ইরানের অর্থনীতিকে এমন অবস্থায় এনে দাঁড় করিয়েছে, যেখানে সাধারণ মানুষের জীবনযাত্রা কার্যত দুর্বিষহ হয়ে উঠেছে। খাদ্যদ্রব্য ও জ্বালানির মূল্যবৃদ্ধি এই বিক্ষোভের তাৎক্ষণিক

কারণ হলেও, এর নেপথ্যে জমে থাকা রাজনৈতিক অসন্তোষ এবং প্রশাসনের প্রতি অনাস্থাই মূল চালিকাশক্তি।ইরানের অভ্যন্তরীণ এই অস্থিরতা আন্তর্জাতিক উদ্বিগ্নে বাড়িয়েছে। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প প্রকাশ্যে ইরানের জনগণের আন্দোলনের প্রতি সমর্থন জানিয়ে মন্তব্য করায় তেহরান ও ওয়াশিংটনের সম্পর্ক আরও উত্তপ্ত হওয়ার আশঙ্কা তৈরি হয়েছে। ইরান সরকারের মতে, এই ধরনের মন্তব্য পরিস্থিতিকে আরও জটিল করে তুলছে এবং বিদেশি হস্তক্ষেপের অভিযোগকে জোরদার করছে।রাজনৈতিক বিশ্লেষকদের একাংশের মতে, বর্তমান সংকট শুধু ইরানের অভ্যন্তরীণ সমস্যায় সীমাবদ্ধ থাকবে না। মধ্যপ্রাচ্যের ভূ - রাজনৈতিক বাস্তবতার এর প্রভাব পড়তে পারে বলেই আশঙ্কা। একদিকে যেমন ইরানের অভ্যন্তরীণ স্থিতিশীলতা প্রশ্নের মুখে, অন্যদিকে তে মনই আঞ্চলিক শক্তির ভারসাম্যেও এর প্রভাব পড়তে পারে। পরিস্থিতি কয়েকদিনের মধ্যে মোড় নেয়, সেদিকের এখন নজর আন্তর্জাতিক মহলের।

স্বামী বিবেকানন্দকে শ্রদ্ধা মমতা বন্দ্যোপাধ্যায়ের

কলকাতা, ১২ জানুয়ারি :ভারতের স্বাদেশিক আধ্যাত্মিক চেতনার প্রতীক স্বামী বিবেকানন্দের জন্মজয়ন্তীতে তাঁকে জানাই আমার সশ্রদ্ধ প্রণাম। সোমবার এভাবেই যুগনায়ককে শ্রদ্ধা জানানেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।মুখ্যমন্ত্রী এঞ্জাবার্ডীয় লিখেছেন, স্বামী বিবেকানন্দ আমাদের স্বদেশভক্তি ও সকল সমাজকর্মের অনুপ্রেরণা। তাঁর দেশপ্রেমের আদর্শ, দরিদ্রনারায়ণের সেবার বার্তা, ঐক্য, শান্তি ও সঙ্গীতটির বাণী আমাদের সবসময় উদ্দীপিত করেছে। সর্ব-ধর্ম-সমহময়ের যে পথ স্বামীজি আমাদের দেখিয়েছিলেন, তাই আমাদের সবার পাথেয়। স্বামীজির আদর্শ অনুপ্রাণিত হয়ে ধর্ম-বর্ণ-নির্বিশেষে বাংলার সকল মানুষ একে অপরকে শ্রদ্ধা করুক ও ভালোবাসুক-এটাই আমাদের একমাত্র প্রার্থনা।স্বামী বিবেকানন্দকে শ্রদ্ধা জানাতে আমাদের সরকার অনেক কিছু করেছে। বিবেকানন্দের পৈতৃক ভিটে এবং ভগিনী নিবেদিতার স্মৃতিজড়িত কলকাতার বাগবাজার এবং দার্জিলিং-এর দুই বাড়ি অধিগ্রহণ করে যথাক্রমে রামকৃষ্ণ মিশন ও রামকৃষ্ণ সারাদা মিশনের কাছে হস্তান্তর করা হয়েছে, এবং সেগুলো এখন সংরক্ষিত হয়ে বহু মানুষের গন্তব্য হয়েছে। বাগবাজারে মায়ের বাড়ির সংস্কারও করা হয়েছে।কামারপুকুরে শ্রীরামকৃষ্ণের জন্মভূমি-কেন্দ্রে আমরা রামকৃষ্ণ মিশন ও সলগ্ন এলাকার পরিকাঠামো উন্নয়নের জন্য অনেক কাজ করছি। আরো করা হচ্ছে।এছাড়াও স্বামী বিবেকানন্দের আদর্শ ও দর্শনে অনুপ্রাণিত হয়ে নিউটাউনে একটি শিক্ষা ও সাংস্কৃতিক কেন্দ্র ‘ বিবেকতীর্থ’ গড়ে তোলা হচ্ছে। এর জন্য জমি আমরা দিয়েছি। রামকৃষ্ণ মিশন এটা তৈরি করছে। নির্মাণের খরচও অনেকাংশে আমরা বহন করছি।শ্রীরামকৃষ্ণ - মা সারাদা - স্বামী বিবেকানন্দর নামাঙ্কিত মিশনগুলির বহু শিক্ষাপ্রতিষ্ঠানে আমাদের নিয়মিত আর্থিক আনুকূল্য আছেন।নতুন প্রজন্মের কাছে স্বামীজির আদর্শ পৌঁছে দিতে প্রতি বছর তাঁর জন্মবার্ষিকী উপলক্ষে আমরা পালন করছি ‘বিবেক চেতনা উৎসব’। স্বামী বিবেকানন্দর নামে আমরা যুব সম্প্রদায়ের জন্য বিভি্ন সরকারি প্রকল্প (যেমন - স্বামী বিবেকানন্দ মেরিট-কাম-মিল স্কলারশিপ, ইত্যাদি) করছি। সন্টলেক স্টেডিয়ামের নাম পালটে আমরা ‘বিবেকানন্দ যুবভারতী ক্রীড়াঙ্গন’ করেছি।শেষে, আমি আর একবার এই মহামানবকে আমার সশ্রদ্ধ প্রণাম জানাই।

দিল্লিতে সানডে অন সাইকেল কর্মসূচির আয়োজন, যোগ দিলেন অসংখ্য উৎসাহীরা

নয়াদিল্লি, ১২ জানুয়ারি : রাজধানী দিল্লিতে আয়োজিত হল সানডে অন সাইকেল কর্মসূচি। রবিবার সকালে এই কর্মসূচিতে যোগ দেন অসংখ্য উৎসাহীরা। কেন্দ্রীয় মন্ত্রী মনসুখ মান্ডভিয়া মেজর ধ্যানচাঁদ ন্যাশনাল স্টেডিয়ামে ‘সানডে অন সাইকেল’ অনুষ্ঠানে যোগ দেন, যেখানে টেনিস তারকা লিয়েন্ডার পেগেও উপস্থিত ছিলেন।এই ৫৬-তম পর্ব ফিট ইন্ডিয়া, ১৫,০০০-এরও বেশি স্থানে যুবকদের অংশগ্রহণ, ফিটনেসের মাধ্যমে নেতৃত্ব এবং দৃষণের সমাধান হিসেবে সাইক্লিংকে



উৎসাহিত করা হয়। কেন্দ্রীয় ক্রীড়া ও যুব বিষয়ক মন্ত্রী মনসুখ মান্ডভিয়া বলেনছেন, ‘ সাডনে অন সাইকেল’-এর ৫৬-তম সংস্করণ একটি বড় মাইলফলক। এক বছর আগে যখন এই উদ্যোগটি শুরু হয়েছিল, তখন এটি দেশের ২৪০টি স্থানে অনুষ্ঠিত হয়েছিল।

সমীর পুততুগুর প্রয়াণে শোকাহত মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়

কলকাতা, ১২ জানুয়ারি : পিডিএস নেতা সমীর পুততুগুর মৃত্যুতে শোকপ্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। গত রবিবার রাতেই তিনি সমাজ মাধ্যমে লেখেন, একদা বাম আন্দোলনের শক্তিশালী নেতা সমীর পুততুগুকে হারিয়ে আমি খুবই মর্মান্বিতা মনে হচ্ছে, আমি নিজের কাউকে হারালাম। সিদ্ধুর-নন্দীগ্রাম আন্দোলনে আমরা একসঙ্গে কাজ করেছিলাম। অনুরাধাদিকে সাব্বনা জানানোর ভাষা নেই, তবুও সর্বলা পাশে আছি।উল্লেখ্য, দীর্ঘ রোগভোগের পর প্রয়াত হয়েছেন



প্রবীণ পিডিএস নেতা সমীর পুততুগু। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৪ বছর। গত কয়েক দিন ধরে বার্ষিকাজনিত অসুস্থতার কারণে হাসপাতালে ভর্তি ছিলেন তিনি। রবিবার রাত সওয়া ১১টা নাগাদ শেষ নিশ্বাস ফেলেন। গভীর রাত্তে সমীরের প্রয়াণের খবর নিশ্চিত করেন তাঁর ভাই সঞ্জয় পুততুগু।

পশ্চিমবঙ্গকে বাঁচাতে হলে মমতাকে অপসারণ করতে হবেঃগিরিরাজ সিং

বেঙ্গুরসাই, ১২ জানুয়ারি : পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী তথা তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সমালোচনায় সরব হলেন কেন্দ্রীয় মন্ত্রী তথা বিজেপি নেতা গিরিরাজ সিং। শনিবার সকালে বিহারের বেঙ্গুরসাইয়ে সাবাদিকদের মুখোমুখি হয়ে গিরিরাজ বলেন, পশ্চিমবঙ্গকে বাঁচাতে হলে মমতাকে অপসারণ করতে হবে।আইপ্যাকের অফিসে ইডি-র অভিযানের সময় মমতার হস্তক্ষেপে নিপা করে কেন্দ্রীয় মন্ত্রী গিরিরাজ সিং বলেছেন, এই মহাজোট কোথায়? নির্বাচন এলেই তাঁরা একত্রিত হয়। বাংলায় সবাই বলেছে, মমতা বন্দ্যোপাধ্যায় সংবিধান বিরোধী। আমি কখনও এমন কোনও মুখ্যমন্ত্রীকে দেখিনি যিনি ইডি-র কাছ থেকে সমস্ত নথি ছিনিয়ে নেন। এই কাগজপত্রগুলিতে কী গোপন কথা ছিল? মমতা বন্দ্যোপাধ্যায় বাংলাকে বাংলাদেশে পরিণত করতে চান, বাংলাকে অনুপ্রবেশকারীদের হাতে তুলে দিতে চান। বাংলায় হিন্দুদের ভয় দূর করতে এবং বাংলাকে বাঁচাতে, মমতা বন্দ্যোপাধ্যায়কে অপসারণ করতে হবে।

যোধপুরে মাহেশ্বরী গ্লোবাল এক্সপো-তে যোগদান অমিত শাহের, দিলেন বিশেষ বার্তা

